



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 21



Class: 3

Subject: Bengali Gram বোধশক্তির বিচার)

Date: 27/11/20

সে দিনটি আমার খুব মনে পড়ে। সারা দিন অবিশ্রান্ত বৃষ্টিপাত হইয়াও শেষ হয় নাই। শ্রাবণের সমস্ত আকাশটা ঘন মেঘে সমাচ্ছন্ন হইয়া আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হইতে না হইতেই চারদিকে গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে। আমরা তিন ভাই নিত্য প্রথামত বাহিরের বৈঠকখানায় ঢালা বিছানার উপর রেড়ির তেলের সেজ জ্বলাইয়া বই খুলিয়া বসিয়া গিয়াছি। বাহিরের বারান্দায় একদিকে পিসেমশাই ক্যান্ডিসের খাটের উপর শুইয়া সন্ধ্যা তন্দ্রাটুকু উপভোগ করিতেছেন এবং অন্যদিকে বসিয়া বৃদ্ধ রামকমল ভট্টাচার্য অন্ধকারে ধূমপান করিতেছেন। দেউড়িতে হিন্দুস্থানী পেয়াদাদের তুলসীদাসী সুর শোনা যাইতেছে এবং ভিতরে আমরা তিন ভাই মেজদার কঠোর তত্ত্বাবধানে নিঃশব্দে বিদ্যাভ্যাস করিতেছি।

অনুচ্ছেদটি পড়ে উত্তরগুলি লেখ ----

প্রশ্ন

১। কোন দিনের কথা বলা হয়েছে ?

উঃ শ্রাবণ মাসের একটি বর্ষণমুখর দিনের কথা এখানে বলা হয়েছে।

২। কারা কার তত্ত্বাবধানে পড়াশোনা করছিল ?

উঃ তিনভাই মেজদার তত্ত্বাবধানে পড়াশোনা করছিল।

৩। তারা কোথায় পড়াশোনা করছিল ?

উঃ তারা বৈঠকখানার ঘরে পড়াশোনা করছিল।

৪। পিসেমশাই কি করছিলেন ?

উঃ পিসেমশাই ক্যান্সিসের খাটের উপর শুয়ে সাক্ষ্য তন্দ্ৰা উপভোগ করছিলেন ।

৫। রামকমল ভট্টাচার্য মশাই কি করছিলেন ?

উঃ রামকমল ভট্টাচার্য মশাই অন্ধকারের মধ্যে ধূমপান করছিলেন ।

৬। হিন্দুস্থানী পেয়াদারা কি পড়ছিল ?

উঃ হিন্দুস্থানী পেয়াদারা তুলসীদাসী রামায়ণ পড়ছিলেন ।

৭। তারা কোথায় বসে পড়ছিল ?

উঃ তারা দেউড়িতে বসে পড়ছিল ।

৮। রামায়ণ কি ?

উঃ রামায়ণ হিন্দুদের একটি মহাকাব্য ।

৯। রামায়ণ কে লিখেছিলেন ?

উঃ রামায়ণ বাল্মিকী মুনি লিখেছিলেন ।

১০। বিপরীত অর্থ লেখ -

ক) ঘন - তরল

খ) গাঢ় - পাতলা

গ) শেষ - শুরু

১১। ঠিক বা ভুল লেখ ---

ক) আমরা তিন ভাই বই খুলে পড়ছিলাম ।

ঠিক

খ) পিসেমশাই বাইরে ঘুরতে গেছেন । ভুল

গ) দেউড়িতে রামকমল ভট্টাচার্য তুলসীদাসী সুরে গান গাইছে । ভুল

Manashi Chaudhuri